# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**
https://hau.ac.bd
prp@hau.ac.bd


## প্রেস বিজ্ঞপ্তি

### মেধাভিত্তিক বিশ্ববিদ্যালয় গড়ার অঙ্গীকার নিয়ে যোগদান করেছেন হকৃবির নতুন উপাচার্য অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে মঙ্গলবার (২৮ জুলাই) যোগদান করেছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সহকারী সচিব মোঃ সুলতান আহমেদ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে ২৭ জুলাই হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করা হয় অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক-কে। মঙ্গলবার দুপুর ২ টায় তিনি যোগদান করেন। ক্যাম্পাসে যোগদান শেষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের সাথে সাক্ষাৎ করেন নতুন উপাচার্য।

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর (এমএস) ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে ১৯৯৬ সালে জাপান সরকারের মর্যাদাপূর্ণ মেক্সট (এমইএক্সটি) বৃত্তি লাভ করে জাপানের চিবা বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য গমন করেন। সেখানে তিনি ধারাবাহিকভাবে মাস্টার অব এগ্রিকালচার (এমএজি) এবং পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

১৯৯৬ সালের জানুয়ারি থেকে ১৯৯৭ সালের মার্চ পর্যন্ত তিনি চিবা বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব হর্টিকালচারের গ্রিনস্পেস এনভায়রনমেন্টাল টেকনোলজি ল্যাবরেটরি-তে গবেষণা শিক্ষার্থী হিসেবে কাজ করেন। পরবর্তীতে ২০০৩ থেকে ২০০৫ সাল পর্যন্ত তিনি জাপান সোসাইটি ফর দ্য প্রোমোশন অব সায়েন্স এর পোস্টডক্টরাল ফেলোশিপ লাভ করেন এবং জাপানের মোরিওকাস্থ ন্যাশনাল অ্যাগ্রিকালচারাল রিসার্চ সেন্টার ফর তোহোকু রিজিয়ন (এনএআরসিটি)-এ গবেষণা পরিচালনা করেন। জাপানে অবস্থানকালে তিনি আন্তর্জাতিকভাবে স্বীকৃত রাইস ফেইস (প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত ছিলেন এবং কৃষি ও পরিবেশ বিষয়ক গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন। ২০০৫ সালের জানুয়ারিতে তিনি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। পরবর্তীতে তিনি ২০১০ সালে সহযোগী অধ্যাপক, ২০১৪ সালে অধ্যাপক এবং ২০১৮ সালে অধ্যাপক (গ্রেড-২) পদে পদোন্নতি লাভ করেন। বিভাগের প্রতিষ্ঠালগ্ন (২০০৪–২০০৫ শিক্ষাবর্ষ) থেকেই অধ্যাপক ড. মোজাম্মেল হক এর সঙ্গে সম্পৃক্ত রয়েছেন এবং বর্তমানে তিনি বিভাগের জ্যেষ্ঠতম শিক্ষক। তিনি ২০০৮ সালের আগস্ট থেকে ২০১৭ সালের আগস্ট পর্যন্ত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। অধ্যাপক ড. মোজাম্মেল হকের জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন স্বনামধন্য জার্নালে ৯০ টিরও বেশি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি একাধিক আন্তর্জাতিক পিয়ার-রিভিউড জার্নালের নিয়মিত রিভিউয়ার হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি পর্যায়ের শিক্ষার্থীদের গবেষণা ও থিসিস তত্ত্বাবধানে দীর্ঘদিন ধরে নিয়োজিত রয়েছেন। একজন শিক্ষক ও গবেষক হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি অধ্যাপক ড. মোজাম্মেল হক বাংলাদেশের শিক্ষক সমাজের কল্যাণ ও পেশাগত স্বার্থ রক্ষায়ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন।